115

দৈনিক সংবাদ

তারিখ 24 DEC 1997
পৃষ্ঠা ৪? কলাম ৫

# প্রাথমিক শিক্ষা সরকারি কর্মচারী সমিতি আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেছে

প্রাথমিক শিক্ষা সরকারি কর্মচারী সমিতি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উন্নয়ন খাতে ৪শ' ৭৩ জন কর্মকর্তা/কর্মচারীদের রাজস্ব খাতে আত্তীকরণের জন্য পুনরায় দাবি জানিয়েছে।

গতকাল অধিদপ্তর প্রাঙ্গণে আয়োজিত এক সভায় বক্তারা এখনও পর্যন্ত ৪শ' ৭৩ জন কর্মকর্তা-কর্মচারীকে রাজস্ব খাতে আত্তীকরণের পদক্ষেপ না নেয়ায় ক্ষোভ প্রকাশ করে আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেন। বেলায়েত হোসেন চৌধুরীর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন আবু তালেব খান। সভা পরিচালনা করেন খায়ের আহমেদ মজুমদার।

আন্দোলনের কর্মসূচিতে রয়েছে আজ বুধবার হাজিরা খাতায় স্বাক্ষর করে প্রধান কার্যালয়ে ২ ঘন্টা কর্মবিরতি, কালো ব্যাজ ধারণ ও বিক্ষোভ সমাবেশ। ২৮ ও ২৯শে ডিসেম্বর ৩ ঘন্টা কর্মবিরতি, কালো ব্যাজ ধারণ, বিক্ষোভ সমাবেশ, প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বরাবরে স্মারকলিপি প্রদান। ৩০শে ও ৩১শে ডিসেম্বর ৪ ঘন্টা কর্মবিরতি, অধিদপ্তরের প্রধান ফটকের সামনে বিক্ষোভ, সমাবেশ ও মহাপরিচালকের কক্ষের সামনে অবস্থান। খবরসংবাদবিজ্ঞপ্তির।